কালের কর্গ্র

স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ

দেশজুড়ে উল্লাস

কালের কণ্ঠ ডেস্ক

১২ মে, ২০১৮ ০৪:৩৯ | পড়া যাবে ২ মিনিটে



অ- অ অ+

গতকাল শুক্রবার রাত ২টা ১৪ মিনিটে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট আকাশে যাত্রা করে। এর সরাসরি সম্প্রচার দেখতে বহু মানুষ রাত জেগে বসে থাকে টেলিভিশনের সামনে। বিভিন্ন স্থানে গভীর রাতে বাঁধভাঙা উচ্ছ্যাস প্রকাশের খবর পাওয়া গেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়, ব্যাক বিশ্ববিদ্যালয়, শিল্পকলা একাডেমিসহ অনেক স্থানেই বড় পর্দায় সরাসরি সম্প্রচার দেখানোর আয়োজন করা হয়। উক্ষপণের মুহূর্তের মধ্যেই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও টুইটারে 'ইয়েস', 'আলহামদুলিল্লাহ', 'জয় বাংলা' ইত্যাদি বলে উচ্ছ্যাস প্রকাশ করে অসংখ্য মানুষ।

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাস ও হোস্টেলগুলোর টিভি কক্ষগুলোতে ভিড় জমায় শিক্ষার্থীরা। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে বড় পর্দায় বঙ্গবন্ধু-১ উেক্ষপণ প্রত্যক্ষ করেন শিক্ষক-শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকরা এ সময় উপস্থিত ছিলেন। তবে বৃষ্টির কারণে শিক্ষার্থীদের উপস্থিতি কম ছিল। রাজধানী ঢাকার আরো অনেক স্থানে দলবদ্ধভাবে স্যাটেলাইট উেক্ষপণের দৃশ্য প্রত্যক্ষ করে মানুষ। এ ছাড়া চট্টগ্রাম, রাজশাহী, সিলেটসহ অনেক স্থানে মানুষ আনন্দ-উল্লাস প্রকাশ করতে রাস্তায় নেমে আসে। উল্লাস প্রকাশের এ দৃশ্যও সম্প্রচার করে দেশের বিভিন্ন বেসরকারি টেলিভিশন চ্যানেল।